

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কুরআনের ৪০ টি রবানা দোয়া সিরিজ-২

১. আল্লাহ কোনো ব্যক্তির উপর তার সাধ্যাতীত বোঝা চাপান না। তার ভালো উপার্জনের (কৃতকর্মের) প্রতিফল সেই পাবে, আর তার মন্দ উপার্জনের (কৃতকর্মের) প্রতিফল তাকেই ভোগ করতে হবে। (আল্লাহ শিথিয়ে দিচ্ছেন তোমরা এভাবে দোয়া করো)

رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِنْ نَسِينَا أَوْ أَخْطَأْنَا

আমাদের প্রভু! আমাদের শাস্তি দিও না যদি আমরা ভুল করি, কিংবা করে ফেলি যদি অন্যায়। (সূরা ২ আল বাকারা আয়াত ২৮৬)

২. তোমরা এভাবে দোয়া করো,

رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إَصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا

আমাদের প্রভু! আমাদের প্রতি এমন গুরুদায়িত্ব অর্পণ করো না যেমনটি অর্পণ করেছিলে আমাদের পূর্ববর্তীদের উপর। (সূরা ২ আল বাকারা আয়াত ২৮৬)

৩. তোমরা এভাবে দোয়া করো,

رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهِ

আমাদের প্রভু! আমাদের উপর এমন বোঝা অর্পণ করো না যা বহন করার শক্তি আমাদের নেই। (সূরা ২ আল বাকারা আয়াত ২৮৬)

৪. তোমরা এভাবে দোয়া করো,

**وَاعْفُ عَنَّا وَاعْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلَانَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ
الْكَافِرِينَ**

আমাদের গুনাহ-খাতা মুছে দাও, আমাদের ক্ষমা করে দাও, আমাদের প্রতি রহম করো, তুমিই তো আমাদের মাওলা (অভিভাবক, সাহায্যকারী), তাই তুমি কাফেরদের উপর আমাদের বিজয় দান করো। (সূরা ২ আল বাকারা আয়াত ২৮৬)

বুখারী শরীফের বর্ণনা:

যদি কেউ সূরা বাকারার শেষ দুই আয়াত রাতে (ঘুমানোর সময়) তেলাওয়াত করে এটি তার জন্য যথেষ্ট।

সহীহ হাদীসে বর্ণিত রয়েছে:

মেরাজের সময় রাসূল (স:) তিনটি জিনিস দেয়া হয়েছিল:

১. পাঁচ ওয়াক্ত সালাত।

২. সূরা বাকারার শেষ আয়াত।

৩. রাসূল (স:) উন্মত্তের মধ্যে যারা আল্লাহর সাথে কোনো কিছু ও কাউকে শরীক করবে না তাদের জন্য ক্ষমা ঘোষণা।

মুসলিম ও নাসাই শরীফে বর্ণিত হয়েছে:

মেরাজের সময় রাসূল (স:) জিব্রাইলের সাথে ছিলেন, হঠাৎ তিনি উপরে একটি আওয়াজ শুনতে পেলেন জিব্রাইল আকাশের দিকে তাকালেন এবং বললেন, এটা একটা দরজা খোলার শব্দ, যেটা এই মাত্র খোলা হয়েছে, এর পূর্বে এই দরজাটা কখনো খোলা হয় নি। ওই দরজা দিয়ে একজন ফেরেশতা রাসূল (স:) কাছে এলেন এবং বললেন: সুসংবাদ গ্রহণ করুন - **দুটো আলোর**, যেটা আপনাকে দেয়া হলো, যে আলো দুটো ইতিপূর্বে কোনো নবী-রাসূলকে দেয়া হয়নি।

আলো দুটো হলো:

১. সূরা আল ফাতিহা এবং

২. সূরা আল বাকারা শেষ আয়াত নম্বর ২৮৬

প্রিয় ভাই ও বোনেরা আসুন, সূরা ফাতিহা এবং সূরা বাকারার শেষ দুটি আয়াত মুখস্থ করে, অর্থ বুঝে বার বার তেলাওয়াত করি। অন্তরের অন্তরস্থল থেকে অর্থ বুঝে তেলাওয়াত করি। নিদ্রার পূর্বে তেলাওয়াত করি। আল্লাহর সাথে কাউকে এবং কোনো কিছুকে শরীক না করি। আশা করা যায় আল্লাহ তায়ালা আমাদের গুনাহ-খাতা মুছে দেবেন, আমাদেরকে ক্ষমা করবেন, আমাদের প্রতি রহম করবেন, কাফিরদের মোকাবেলায় আমাদেরকে বিজয় দান করবেন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here <http://www.morningbrightness.fi/>